এস এস সি -২০১৫ নমুনা প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

পৌরনীতি ও নাগরিকতা

(সৃজনশীল প্রশ্ন)

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট   পূর্ণমান — ৬০

[বিশেষ দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান– ১০]

১। রফিক ও সাজ্জাদ দুই বন্ধু। রফিক যেকোনো সমস্যা সমাধানের ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। সকল দায়িত্ব-কর্তব্য সঠিকভাবে পালন করে। কিন্তু সাজ্জাদ এর বিপরীত। সে সবসময় নিজের স্বার্থকেই বড় করে দেখে।

ক. কবে জাতিসংঘের সাধারণ পরিষদে সর্বজনীন মানবাধিকারের ঘোষণাপত্র গৃহীত হয়? ১

খ. নাগরিকের নৈতিক অধিকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে রফিক ও সাজ্জাদের চরিত্রে কোন বৈশিষ্ট্যগুলো ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দায়িত্ব-কর্তব্য সঠিকভাবে পালন করার জন্যে রফিক রাষ্ট্র থেকে যে সব অধিকার ভোগ করে তার একটি তালিকা প্রস্তুত করো। ৪

২। মি 'ক' 'খ' দেশের রাষ্ট্রপতি। তিনি দেশের একজন নিয়মতান্ত্রিক রাষ্ট্রপ্রধান। দেশটির মন্ত্রিসভা তাদের কাজের জন্যে আইনসভার নিকট দায়ী থাকে। দেশটির জনগণ রাজনৈতিকভাবে সচেতন। কিন্তু সরকারের যেকোনো সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়।

ক. দ্বৈত সরকারব্যবস্থা কোন সরকারে বিদ্যমান? ১

খ. এককেন্দ্রিক সরকারে কাজের চাপ বেশি থাকে কেন? ২

গ. 'খ' দেশে যে সরকার পদ্ধতি রয়েছে তার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দেশের সরকারের দোষ-গুণের একটি তালিকা তৈরি করো। ৪

৩। 'ক' ও 'খ' দুজন দুই দেশের নাগরিক। 'ক' যে দেশের নাগরিক সে দেশের সংবিধান সুস্পষ্ট, স্থিতিশীল এবং জনগণের মৌলিক অধিকার সেখানে

Copyright Md Shah Jamal

সন্নিবেশিত থাকে। অপর পক্ষে 'খ' যে দেশের নাগরিক সে দেশের সংবিধান অস্পষ্ট, পরিবর্তনশীল শাসকগোষ্ঠীর মতো।

ক. সংশোধনের ভিত্তিতে সংবিধানকে কয় ভাগে ভাগ হয়? ১

খ. বাংলাদেশের সংবিধানের যেকোনো দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত দুটি রাষ্ট্রের সংবিধানের মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা করো। ৩

ঘ. উভয় দেশের সংবিধানের মধ্যে কোনটিকে তুমি উত্তম বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। বাংলাদেশের দুজন গুরুত্বপূর্ণ ব্যক্তির ভূমিকা নিচে দেওয়া হলো–

দায়িত্বপূর্ণ ব্যক্তি	ভূমিকা
ক জাতীয় স্বার্থের রক্ষক	খ ক এর পরামর্শে প্রধান বিচারপতি নিয়োগ এবং অন্যান্য কাজও তার পরামর্শে সম্পাদন করেন।

ক. নাগরিকের মৌলিক অধিকার রক্ষায় নিষেধাজ্ঞা জারি করতে পারে কোন বিভাগ? ১

খ. জেলা প্রশাসকের উন্নয়নমূলক কাজ ব্যাখ্যা করো। ২

গ. ছকে উল্লিখিত 'ক' এর বৈশিষ্ট্য কোন পদমর্যাদা সম্পন্ন ব্যক্তিকে নির্দেশ করছে? উক্ত ব্যক্তির কার্যাবলি ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকে উল্লিখিত বৈশিষ্ট্যের মাধ্যমে ক ও খ এর কাজের তুলনামূলক পার্থক্য আলোচনা করো। ৪

৫। কাজী রকিবউদ্দিন আহমেদ একটি স্বাধীন ও সাংবিধানিক প্রতিষ্ঠানের প্রধান। তিনি মনে করেন, সুষ্ঠু নির্বাচন করতে হলে এ প্রতিষ্ঠানের ক্ষমতা বৃদ্ধি করতে হবে। তাই আগামী সংসদ নির্বাচনকে সামনে রেখে তার বেশ কিছু গুরুত্বপূর্ণ সংশোধনী প্রস্তাব করার চিন্তাভাবনা রয়েছে। এগুলোর মধ্যে রয়েছে নির্বাচনি অপরাধের শাস্তি, প্রার্থীর জামানত বৃদ্ধি এবং মনোনয়ন বাণিজ্য বন্ধ করাসহ কিছু পদক্ষেপ গ্রহণ। এক্ষেত্রে তার এ প্রতিষ্ঠানকে তিনি যথেষ্ট ক্ষমতাধর বলে মনে করেন।

Copyright Mohammad Jamal

গ. উদ্দীপকে উল্লিখিত কাজী রকিবউদ্দিন আহমেদ যে প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন সেটির গঠন কাঠামো আলোচনা করো। ৩

ঘ. বাংলাদেশে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে প্রতিষ্ঠানটি কতটুকু কার্যকর ভূমিকা পালন করতে পারে বলে তুমি মনে করো। ৪

৬। রহনপুর গ্রামের অরুনা মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হলে বাবা-মা তাকে বিয়ে দেন। যৌতুকের টাকা না পেয়ে তার স্বামী তাকে মারধর ও নির্যাতন করে। অরুণার এ ঘটনা তার বাবা-মাকে জানালে স্থানীয় কর্তৃপক্ষ সালিশের মাধ্যমে সমস্যার সমাধান করেন। ফলে সকলেই মামলা সংক্রান্ত জটিলতা ও হয়রানি থেকে রেহাই পান।

ক. কয়টি জেলা নিয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠিত? ১

খ. সিটি কর্পোরেশন গঠন সম্পর্কে লেখো। ২

গ. উদ্দীপকের আলোচনায় গ্রামীণ বিবাদ সমাধানে কোন প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ বলে মনে হয়েছে? তা বর্ণনা করো। ৩

ঘ. উক্ত বিষয়টি নাগরিকতার বিকাশে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করছে– বিশ্লেষণ করো। ৪

৭ পাকিস্তানে নারী শিক্ষা ও প্রগতিশীল সমাজ প্রতিষ্ঠায় এক অগ্নিকন্যা মালালা ইউসুফ জাই। 'গুল মাকাই' ছদ্মনামে তালেবানবিরোধী লেখনীর মাধ্যমে বিশ্বব্যাপী আলোচিত মালালা। নারী শিক্ষার পক্ষে সোচ্চার এ কিশোরীর কণ্ঠ চিরতরে রুদ্ধ করতে স্কুল থেকে বাড়ি ফেরার পথে তালেবান জঙ্গিরা তার ওপর গুলি চালায়। প্রাণে বেঁচে গেলেও গুরুতর আহত হন মালালা। মূলত তালেবানবিরোধী ও ধর্মনিরপেক্ষ হওয়ার কারণে মালালার ওপর এ হামলা চালানো হয়।

ক. খাদ্য নিরাপত্তা অর্জনে কোনটি দরকার হয়? ১

খ. সুবিধা বঞ্চিতদের কীভাবে জনসংখ্যা নিয়ন্ত্রণে উদ্বুদ্ধ করা যায়? ২

Copyright Md Shah Jamal

গ. উদ্দীপকের মালালা ইউসুফ জাইয়ের ওপর বর্বর হামলার ঘটনাটি কোন ধরনের সন্ত্রাসের ইঙ্গিত করেছে? তা বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশে এ ধরনের সন্ত্রাসী তৎপরতা কীভাবে নিরসন করা যেতে পারে? তা বিশ্লেষণ করো। ৪

৮। ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দলের এক সম্মেলন আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি কর্মসূচি পেশ করেন। পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্বপাকিস্তানকে শোষণের বিরুদ্ধে এ কর্মসূচিটি ছিল তীব্র প্রতিবাদ আর বাঙালির অধিকার আদায়ের সনদ।

ক. ১৯৭১ সালে স্বাধীন হওয়ার আগে আমরা কোন দেশের নাগরিক ছিলাম? ১

খ. লাহোর প্রস্তাব কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন কর্মসূচির কথা বলা হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত কর্মসুচিটির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৯। আনোয়ারুল করিম চৌধুরী বাংলাদেশের একজন স্বনামধন্য কূটনৈতিক। তিনি জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময়ে তিনি জাতিসংঘের মহাসচিব নিয়োগকারী পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। পাশাপাশি ২০০০-২০০১ সালে জাতিসংঘের শাসন বিভাগের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। জাতিসংঘে তার ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন মহাসচিব বান কি মুন।

ক. কত সালে মিয়ানমারের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা বিরোধের নিষ্পত্তি হয়? ১

খ. আন্তর্জাতিক আদালত গঠিত হয় কীভাবে? ২

গ. আনোয়ারুল করিম চৌধুরী প্রথমে জাতিসংঘের কোন শাখায় সভাপতির দায়িত্ব পালন করেছিলেন? সে পরিষদ সম্পর্কে ধারণা দাও। ৩

ঘ. আনোয়ারুল করিম চৌধুরী ২০০০-২০০১ সালে জাতিসংঘের যে পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন, সে পরিষদের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

এস এস সি পরীক্ষা–২০১৫ নমুনা প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

পৌরনীতি ও নাগরিকতা

(বহুনির্বাচনি অভীক্ষা)

সময় — ৪০ মিনিট | মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. পৌরনীতি ও নাগরিকতার পরিসর বা বিষয়বস্তু কেমন?
ক ব্যাপক ও সংকীর্ণ | খ ব্যাপক ও বিস্তৃত
গ বিস্তৃত ও সংকীর্ণ | ঘ সীমাবদ্ধ ও সংকীর্ণ

২. কোনটি নাগরিকতার স্থানীয় বিষয়?
ক ইউনিয়ন পরিষদ | খ জাতিসংঘ
গ কমনওয়েলথ | ঘ সার্ক

৩. পৃথিবীতে মোট রাষ্ট্রের সংখ্যা কত?
ক ২০২টি | খ ২০৪টি
গ ২০৬টি | ঘ ২০৮টি

৪. 'আমিই রাষ্ট্র'- উক্তিটি কার?
ক চতুর্দশ লুই | খ আব্রাহাম লিংকন
গ পঞ্চম জর্জ | ঘ ষোড়শ লুই

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও।
বাংলাদেশের নাগরিক টিপু সাহেব সব ধরনের নাগরিক সুবিধা ভোগ করেন। কিন্তু তিনি তার নাগরিক কর্তব্য পালন করেন না। তার মতো আরও অনেক নাগরিকের বসবাস এদেশে।

৫. টিপু সাহেবের দেশ অগ্রগতির দিকে পিছিয়ে থাকার কারণ কী?
ক প্রাকৃতিক সম্পদের অভাব
খ জনসংখ্যাধিক্য
গ সুনাগরিকের অভাব
ঘ গণতন্ত্রের অভাব

৬. সুনাগরিক হতে হলে টিপু সাহেবকে অধিকারী হতে হবে—
i. বুদ্ধির
ii. বিবেকের
iii. আত্মসংযমের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ ii ও iii
গ i ও iii | ঘ i, ii ও iii

৭. নাগরিকের কর্তব্যকে কয়ভাগে ভাগ করা যায়?
ক দুই | খ তিন
গ চার | ঘ পাঁচ

৮. 'তথ্য অধিকার আইনের' আওতায় যেসব তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় তা হলো—
i. বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে
ii. ব্যক্তির জীবনের নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে
iii. তদন্তাধীন কোনো বিষয় প্রকাশে তদন্ত কাজে বিঘ্ন ঘটতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

৯. ধর্ম চর্চা ও পারিবারিক গোপনীয়তা রক্ষা করা কোন স্বাধীনতার উদাহরণ?
ক সামাজিক | খ অর্থনৈতিক
গ ব্যক্তিগত | ঘ জাতীয়

১০. জাতীয় স্বাধীনতা বলতে কোন স্বাধীনতাকে বোঝায়?
ক প্রাকৃতিক স্বাধীনতা | খ অর্থনৈতিক স্বাধীনতা
গ রাষ্ট্রীয় স্বাধীনতা | ঘ ব্যক্তিগত স্বাধীনতা

১১. 'যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না।' উক্তিটি কার?
ক জন লকের | খ এরিস্টটলের
গ প্লেটোর | ঘ উইলোবির

১২. নিচের কোনটি আইনের একটি গুরুত্বপূর্ণ উৎস?
ক প্রথা | খ ধর্ম
গ বিচারকের রায় | ঘ আইনসভা

১৩. বাংলাদেশে কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান?
ক যুক্তরাষ্ট্রীয় | খ সংসদীয়
গ রাষ্ট্রপতি শাসিত | ঘ একনায়কতন্ত্র

১৪. এককেন্দ্রিক সরকারের গুণ হচ্ছে—
i. সাংগঠনিক সামঞ্জস্যতা থাকে
ii. দ্রুত সিদ্ধান্ত গ্রহণে অনুপযোগী
iii. জাতীয় সংহতি ও অখণ্ডতা বজায় থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

১৫. কোন ধরনের রাষ্ট্রে ব্যক্তি মালিকানা অস্বীকার করা হয়?
ক পুঁজিবাদী | খ সমাজতান্ত্রিক
গ স্বৈরতান্ত্রিক | ঘ গণতান্ত্রিক

১৬. কোনটি সমাজতান্ত্রিক রাষ্ট্র?
ক কিউবা | খ ইন্দোনেশিয়া
গ বাংলাদেশ | ঘ ইরাক

১৭. ফ্রান্স, রাশিয়া ও চীনের সংবিধান কীভাবে প্রণয়ন করা হয়েছে?
ক বিপ্লবের মাধ্যমে
খ আলোপ-আলোচনার মাধ্যমে
গ অনুমোদনের মাধ্যমে
ঘ ক্রমবিবর্তনের মাধ্যমে

১৮. সংবিধান পাঠের মাধ্যমে জানা যায়—
i. রাষ্ট্রের স্বরূপ
ii. সরকারের ধরন
iii. নাগরিক অধিকারের প্রকৃতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ ii ও iii
গ i ও iii | ঘ i, ii ও iii

১৯. তারেক মাসুদ পরোক্ষ নির্বাচন করেন, পরোক্ষ নির্বাচনে কোন দেশটিকে সমর্থন করা যায়?
ক ইন্দোনেশিয়া | খ বাংলাদেশ
গ মার্কিন যুক্তরাষ্ট্র | ঘ আফগানিস্তান

২০. বাংলাদেশে রাষ্ট্র পরিচালনায় মূলনীতি—
i. গণতন্ত্র
ii. ধর্মনিরপেক্ষতা
iii. জাতীয়তাবাদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ ii ও iii
গ i ও iii | ঘ i, ii ও iii

২১. রাষ্ট্রের সকল সম্মানের উৎস কে?
(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি
(গ) স্পিকার (ঘ) প্রধান বিচারপতি

২২. জেলা প্রশাসনের প্রধান নির্বাহী কর্মকর্তা কে?
(ক) পুলিশ সুপার (খ) সহকারী জেলা প্রশাসক
(গ) জেলা প্রশাসক (ঘ) উপজেলা চেয়ারম্যান

২৩. রাষ্ট্রপতি হওয়ার জন্য সর্বনিম্ন বয়সসীমা কত?
(ক) ২৫ বছর (খ) ৩০ বছর
(গ) ৩৫ বছর (ঘ) ৪০ বছর

২৪. কোনটি ছাড়া গণতান্ত্রিক সরকার গঠন অসম্ভব?
(ক) গণমাধ্যম (খ) রাজনৈতিক দল
(গ) সাংস্কৃতিক দল (ঘ) নির্বাচকমণ্ডলী

২৫. কোনটি রাজনৈতিক দলের কাজ নহে?
(ক) জনমত গঠন করা
(খ) প্রার্থী মনোনয়ন ও নির্বাচনি প্রচার
(গ) কর্মসূচি প্রনয়ন ও প্রচার
(ঘ) ন্যায়বিচার করা

২৬. নির্বাচন সাধারণত কয় প্রকার?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) ছয়

২৭. ১৯৭৩ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত বাংলাদেশে কতবার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে?
(ক) ১২ বার (খ) ১৩ বার
(গ) ১৪ বার (ঘ) ১৫ বার

২৮. স্থানীয় সরকার ব্যবস্থায় কারা রাষ্ট্রের শাসন কাজে প্রত্যক্ষভাবে অংশগ্রহণের সুযোগ পায়?
(ক) জনগণ (খ) সরকারি কর্মকর্তারা
(গ) রাজাবাদশারা (ঘ) বেসরকারি কর্মচারী

২৯. বাংলাদেশের জাতীয় সংসদে জেলা পরিষদ আইন পাস হয় কত সালে?
(ক) ২০০০ সালে (খ) ২০০৩ সালে
(গ) ২০০৫ সালে (ঘ) ২০১০ সালে

৩০. জনাব রফিকুল ইসলাম পৌরসভার চেয়ারম্যান। তিনি প্রায়ই ক্ষমতার অপব্যবহার করে থাকেন। বাস্তবে তার অপসারণের জন্য কত সদস্যের ভোট প্রয়োজন?
(ক) এক-তৃতীয়াংশ (খ) দুই-তৃতীয়াংশ
(গ) তিন-চতুর্থাংশ (ঘ) চার-পঞ্চমাংশ

৩১. আর্থিক দিক থেকে বাংলাদেশের অধিকাংশ মানুষ কোন পর্যায়ের?
(ক) ধনী (খ) দরিদ্র
(গ) অভিজাত (ঘ) স্বচ্ছল

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩২ – ৩৪নং প্রশ্নের উত্তর দাও

জনাব সুমন ঢাকার একজন স্থায়ী বাসিন্দা। তিনি ছোটবেলায় ঢাকা শহরকে যানজটহীন, সুশৃঙ্খল ও সুন্দর দেখেছেন। কিন্তু বর্তমানে তিনি যানজট, খাদ্য সমস্যা, উপযুক্ত শিক্ষার অভাব, অপুষ্টি, চিকিৎসার অভাব ইত্যাদি সমস্যা প্রতিনিয়ত লক্ষ করেন। তবে তিনি মনে করেন এ সকল সমস্যার মূলে যে সমস্যা আছে তাকে সম্ভাবনায় রূপান্তর করা সম্ভব।

৩২. অনুচ্ছেদে জনাব সুমন যে সকল সমস্যা লক্ষ করেন তার পেছনে মূল কারণ কী?
(ক) দুর্নীতি
(খ) জনসংখ্যা সমস্যা
(গ) রাজনৈতিক অস্থিতিশীলতা
(ঘ) শ্রেণি শোষণ

৩৩. উক্ত সমস্যার ফলাফল হলো—
i. আবাদি জমি কমে যাওয়া
ii. খাল-বিল ভরাট হওয়া
iii. অধিক বেকারত্ব

নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. অনুচ্ছেদে বর্ণিত সমস্যাসমূহ দূর করে কীভাবে সম্পদে রূপান্তর করা সম্ভব?
(ক) বিদেশে জনশক্তি রপ্তানির মাধ্যমে
(খ) জনসংখ্যা বৃদ্ধির হার কমিয়ে
(গ) সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে
(ঘ) জন্মহার বৃদ্ধির মাধ্যমে

৩৫. ধলেশ্বরী নদীটি নিচের কোন জেলা দিয়ে বয়ে গেছে?
(ক) মুন্সিগঞ্জ (খ) গোপালগঞ্জ
(গ) সিরাজগঞ্জ (ঘ) হবিগঞ্জ

৩৬. আওয়ামী লীগের ছয় দফা কর্মসূচি কোথায় উত্থাপন করা হয়?
(ক) ঢাকায় (খ) লাহোরে
(গ) করাচিতে (ঘ) চট্টগ্রামে

৩৭. আগরতলা মামলা করা হয়েছিল কেন?
(ক) জাতীয়তাবাদী আন্দোলন ঠেকাতে
(খ) স্বাধিকার আন্দোলন ঠেকাতে
(গ) ছয় দফার সংগ্রামকে ব্যর্থ করতে
(ঘ) ১৯৬২ সালের শাসনতন্ত্রকে টিকিয়ে রাখতে

৩৮. ব্রাজিল জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য। ব্রাজিল নিরাপত্তা পরিষদের কোন ধরনের সদস্য?
(ক) স্থায়ী সদস্য (খ) অস্থায়ী সদস্য
(গ) সাময়িক সদস্য (ঘ) অন্তবর্তীকালীন সদস্য

৩৯. জাতিসংঘ মহাসচিব কত বছরের জন্যে নিযুক্ত হন?
(ক) ৩ বছর (খ) ৪ বছর
(গ) ৫ বছর (ঘ) ৬ বছর

৪০. বাংলাদেশ কোন যুদ্ধ বন্ধের জন্যে সৈন্য পাঠিয়েছিল?
(ক) ক্রিমিয়ার যুদ্ধ (খ) ইরাক-ইরান যুদ্ধ
(গ) বসনিয়া যুদ্ধ (ঘ) কোরিয়া যুদ্ধ

উত্তরমালা

১	খ	২	ক	৩	গ	৪	গ	৫	গ	৬	ঘ	৭	ক	৮	ঘ	৯	গ	১০	খ
১১	ক	১২	গ	১৩	খ	১৪	খ	১৫	খ	১৬	ক	১৭	ক	১৮	ঘ	১৯	গ	২০	ঘ
২১	খ	২২	গ	২৩	গ	২৪	খ	২৫	ঘ	২৬	ক	২৭	গ	২৮	ক	২৯	ক	৩০	খ
৩১	খ	৩২	খ	৩৩	ঘ	৩৪	ক	৩৫	ক	৩৬	খ	৩৭	গ	৩৮	খ	৩৯	গ	৪০	গ

http://teachingbd.com